আসানসোলের দূষণ কমাতে দোকানদের দেওয়া হচ্ছে ধোঁয়াবিহীন উনুন

নিজস্ব প্রতিবেদন, আসানসোল: দূষণ নিয়ন্ত্রণে আসানসোলে ব্যবহার হবে ধোঁয়াবিহীন উনুন। ব্যবসায়ীদের সেই উনুন দেওয়ার কাজ শুরু হল। জাতীয় ক্লিন এয়ার প্রোগ্রামের আওতায় আসানসোল পুরনিগম ও রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের তরফে পুরভবনের সভা হলে একটি সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেই অনুষ্ঠান থেকেই আসানসোল পুরনিগম এলাকায় ধোঁয়াবিহীন উনুন বিতরণ শুরু হয়। পুর এলাকায় মোট ৫০০টি এই ধরনের উনুন বিতরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে এবং বেশকিছু দোকানও চিহ্নিত করা হয়েছে।

এদিনের অনুষ্ঠানে উপস্থিত থাকা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ডক্টর কল্যাণ রুদ্র ও সদস্য সচিব ডক্টর রাজেশ কুমার বলেন, দেশের মধ্যে যে সব শহরকে দূষণ শহর হিসেবে চিহ্নিত করা হয়েছে। সেই সব শহরে বাতাসে দূষণের পরিমাণ অনেক বেশি। সেই কারণে সেখানকার বাতাসের মান উন্নত করার জন্য কাজ করা হচ্ছে। তাঁরা বলেন, ২০২১ সালে আসানসোল পুরনিগম এই প্রকল্পে প্রশংসনীয় কাজের জন্য ৭.৩৯ কোটি টাকা পুরস্কার পেয়েছে। আমাদের লক্ষ্য হল আসানসোল সহ পশ্চিমবঙ্গের যে ৬টি শহর এই ১৩২টির তালিকায় আছে, তাদের সেখান থেকে বের করে নিয়ে আসা। দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ডক্টর কল্যাণ রুদ্র বলেন, রাজ্যের অন্যান্য শহরে দূষণ কমাতে দোকানদারদের গ্যাসের উনুন দেওয়া হয়েছে। যেহেতু এখানে কয়লার ব্যবহার বেশি, তাই আধুনিক প্রযুক্তি সম্বলিত ধোঁয়াবিহীন উনুন দেওয়া হচ্ছে। কলকারখানার দূষণ কমাতে বেশি করে গ্যাস ব্যবহারের ওপর জোর দেওয়া হচ্ছে। বসানো হচ্ছে বিভিন্ন যন্ত্রপাতি। রাজ্যের যে ১০৭টি জায়গায় বর্জ্য পদার্থ জমা হয়েছে, যেখানে বায়ো-মাইনিং করা হচ্ছে। এই প্রসঙ্গে আসানসোল পুরনিগমের চেয়ারম্যান অমরনাথ চট্টোপাধ্যায় বলেন, শহরের দূষণ নিয়ন্ত্রণে অনেক প্রশংসনীয় কাজ হচ্ছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এটা সম্ভব হয়েছে। এতে নাগরিকদের অংশগ্রহণও প্রয়োজন। এদিনের অনুষ্ঠান থেকে ২০ জনকে উনুন দেওয়া হয়েছে। মোট ৫০০ জনকে চিহ্নিত করা হয়েছে যাদেরকে এই উনুন দেওয়া হবে। উপস্থিত ছিলেন, ডিসিপি হেডকোয়ার্টার অংশুমান সাহা, পুরসভার নির্বাহী প্রকৌশলী কেকে শ্যাম, অফিস সুপার বীরেন্দ্রনাথ অধিকারী সহ অন্যরা।

রথের দিন কাঠামো পুজোর মধ্য দিয়ে ঘোষ বাড়ির পুজো শুরু

নিজস্ব প্রতিবেদন, বসিরহাট: রথের দিন কাঠামো পুজোর মধ্য দিয়ে রামেশ্বরপুরের ঘোষ বাড়ির পুজো শুরু হল। বসিরহাটের হাসনাবাদের ভারত বাংলাদেশের ইছামতি নদীর পাড়ে রামেশ্বরপুর গ্রাম। সেখানকার ঘোষ বাড়ির পুজো প্রায় সাড়ে ৫০০ বছরের। গত দুই বছর করোণা মহামারির জন্য সেই ভাবে আড়ম্বর করা হয়নি। এবার করোনা মহামারি কাটিয়ে স্বমহিমায় রথের দিন কাঠামো পুজোর মধ্য দিয়ে দেবী দুর্গার আগমনীর বার্তার সুর বেজে উঠল ঠাকুর দালানে।

এই বাড়ির পুজো একসময় ওপার বাংলা থেকে এপার বাংলায় বহু দর্শনার্থীরা ইছামতি নদীর পেরিয়ে এই ঘোষ বাড়িতে এসে প্রতিমা দর্শন করতেন, আজ কাঁটাতারের বেড়াজালে আবদ্ধ হয়ে ওপার বাংলার দর্শনার্থীরা আজ আর সেইভাবে আসতে পারে না। এক সময় এই পুজোর মধ্য দিয়ে সীমান্তে এক সম্প্রীতির মেলবন্ধন তৈরি করত এখন আর সে সব অতীত। ঘোষ বাড়ির দালাল কোঠায় প্রাচীন ঐতিহ্য সংস্কৃতি বহন করে নিয়ন্ত্রণের মধ্য দিয়ে দেবীর আরাধনা হয়। এই ঘোষ বাড়িতে এক সময় বহু হিন্দি বাংলা ছবির শ্যুটিং হয়েছিল, বহু নায়ক নায়িকা এই ঘোষ বাড়িতে পুজো উপভোগ করতে সামিল হতেন। সে সব এখন মুছে গিয়েছে। নিয়ম, তিথি, উপাচার মেনে এই কাঠামো পুজোর মধ্য দিয়ে দেবী আগমনী বার্তা শুরু হয়ে গেল রামেশ্বরপুরের ঘোষ বাড়িতে। শুরু হল বাঙালি সেরা উৎসবের সূচনা।

দু'দিন ব্যাপী চলা হুল দিবসের অনুষ্ঠানে যোগ দিলেন মন্ত্রী মলয় ঘটক

সুজিত ভট্টাচার্য

কাঁকসা: কাঁকসা পঞ্চায়েত সমিতির সহযোগিতায় পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে কাঁকসার বিডিএ ক্লাবের ফুটবল ময়দানে দু'দিন ব্যাপী হুল দিবসের অনুষ্ঠানে যোগ দিলেন রাজ্যের আইনমন্ত্রী মলয় ঘটক। এছাড়াও উপস্থিত ছিলেন কাঁকসা থানার আইসি সন্দীপ চট্টরাজ, কাঁকসা পঞ্চায়েত সমিতির প্রাক্তন সদস্য তথা বিশিষ্ট সমাজসেবী পল্লব বন্দ্যোপাধ্যায়, কাঁকসার বিডিও পর্ণা দে সহ কাঁকসা পঞ্চায়েত সমিতির সদস্যরা। এদিন অনুষ্ঠানে যোগ দিয়ে রাজ্যের আইন মন্ত্রী বেশ কিছু আদিবাসী সম্প্রদায়ের যুবক যুবতীদের হাতে জাতিগত শংসাপত্র তুলে দেন। মলয় ঘটক বলেন, পূর্বের সরকারের সময়কালে জাতি শংসাপত্র পেতে দীর্ঘদিন অপেক্ষা করতে হত। কিন্তু, রাজ্যের মুখ্যমন্ত্রী

মমতা বন্দোপাধ্যায় দুয়ারে সরকারের মাধ্যমে মানুষের দোরগোড়ায় সরকারি পরিষেবা পৌঁছে দিয়েছেন। তাই দ্রুত মানুষ যেমন তাদের সমস্যা সমাধান করতে পারছেন, তেমনই জাতি শংসাপত্র দ্রুত পেয়ে যাচ্ছেন। কাঁকসা পঞ্চায়েত সমিতির প্রাক্তন সদস্য তথা কাঁকসার বিশিষ্ট সমাজসেবী পল্লব বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, হুল দিবসের অনুষ্ঠানের শেষ লগ্নে রাজ্যের মন্ত্রী মলয় ঘটক এসেছিলেন। তিনি অনুষ্ঠানে যোগ দিতে পারেননি বলে শুক্রবার সময় বের করে তিনি আদিবাসী যুবক-যুবতীদের উৎসাহ বাড়ানোর জন্য অনুষ্ঠানে হাজির হন। সকলকে উৎসাহ বাড়িয়ে সকলকে হুল দিবসের শুভেচ্ছা জানিয়ে আদিবাসী সম্প্রদায়ের মানুষদের হাতে জাতি শংসাপত্র তুলে দেন তিনি।

ছুটির দিনেও তড়িঘড়ি স্বাস্থ্য সাথীর কার্ডের মাধ্যমে চিকিৎসার ব্যবস্থা করল আরামবাগ প্রশাসন

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: রথের দিন। সরকারিভাবে ছুটি। তাই স্বাভাবিক ভাবেই সরকারি ভবনগুলোতে ছুটির হাওয়া। কিন্তু হঠাৎ করেই স্বাস্থ্য সাথী কার্ডের জন্য প্রশাসনিক ভবনের সামনে অসহায় ভাবে দাঁড়িয়ে রোগীর পরিবারে লোকজন ও একজন জনপ্রতিনিধি। তাই শত কাজ ফেলে রেখে এবং ছুটির দিনেও খবর পেয়েই চলেন একেবারে মহকুমা শাসকের কার্যালয়ে। কয়েক মিনিটের মধ্যেই সরকারি নিয়ম মেনে স্বাস্থ্য সাথী কার্ড তুলে দেওয়া হল রোগীর পরিবারে হাতে। ঘটনাটি ঘটেছে হুগলি জেলার আরামবাগে। এদিন আরামবাগের গৌরহাটি এক নম্বর অঞ্চলের বাসিন্দা অন্নপূর্ণা ঘোষের পা ভেঙে যায়। তাকে তড়িঘড়ি হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসকদের পরামর্শ মতো তড়িঘড়ি অপারেশনের প্রয়োজন হয়ে পড়ে। তাই স্বাস্থ্য সাথী কার্ডের প্রয়োজন হয়ে পড়ে। এই খবর পান আরামবাগ পঞ্চায়েত সমিতির শিক্ষা কর্মাধ্যক্ষ দীপক মাঝি। তিনি জনপ্রতিনিধি হিসেবে তার মানবিক কাজে ব্রতী হন। তড়িঘড়ি আরামবাগ মহকুমা প্রশাসনের সঙ্গে যোগাযোগ করে দ্রুত স্বাস্থ্য সাথী কার্ডের ব্যবস্থা করেন। নিজে দাঁড়িয়ে থেকে আরামবাগ মহকুমা শাসকের কার্যালয়ে এসে সংশ্লিষ্ট দপ্তর থেকে ওই অসহায় পরিবারের হাতে স্বাস্থ্য সাথী কার্ড তুলে দেন। শুরু হয় চিকিৎসা। এই বিষয় কর্মাধ্যক্ষ দীপক মাঝি বলেন, ছুটির

দিন হলেও মানুষের কাজ করার কথা বলেছেন আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁরই মস্তিষ্ক প্রসূত প্রকল্প স্বাস্থ্য সাথী প্রকল্প। এই কার্ডের মাধ্যমে যাতে চিকিৎসা পায় তার ব্যবস্থা করে দেওয় হয়। অপরদিকে শুক্লা ঘোষ জানান, ছুটির দিনে এই ভাবে স্বাস্থ্য সাথী কার্ডের মাধ্যমে মায়ের চিকিৎসা করাতে পারবো ভাবিনি। কিন্তু দীপকবাবুর সঙ্গে যোগাযোগ করে আরামবাগ মহকুমা শাসকের কার্যালয় থেকে সংশ্লিষ্ট দপ্তরের কর্মী বাড়ি থেকে এসে কার্ড করে দেন। এই জন্য অসংখ্য ধন্যবান সবাইকে। সবমিলিয়ে ছুটির দিনে স্বাস্থ্য সাথী কার্ডের মাধ্যমে মায়ের চিকিৎসা করতে খুশি ঘোষ পরিবার।

রথের দড়িতে টান দিতে গিয়ে হুড়োহুড়িতে পদপিষ্ট হয়ে গুরুতর আহত হল বেশ কয়েকজন

সুজিত ভট্টাচার্য

পূর্ব বর্ধমান: রথের দড়িতে টান দিতে গিয়ে ভিড়ের চাপে পড়ে গিয়ে পদপিষ্ট হয়ে গুরুতর আহত হল বেশ কয়েকজন। ঘটনাটি ঘটেছে পূর্ব বর্ধমান জেলার কালনায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গত দু'বছর ধরে করোনার জন্য তেমনভাবে রথযাত্রার অনুষ্ঠান হয়নি। করোনার প্রকোপ এবছর কম থাকার কারণে হাজার হাজার মানুষ রথযাত্রায় যোগ

দেন। ঐতিহ্যবাহী এই রথের অনুষ্ঠান একটি ছোট মাঠের মধ্যে করা হয়েছিল। ছোট জায়গায় রথ যাত্রার অনুষ্ঠানের আয়োজন করার ফলে অতিরিক্ত ভিড় জমে যাওয়ায়, অনেকেই রথের দড়িতে টান দেওয়ার চেষ্টা করে। সেই সময় হুড়োহুড়িতে বেশকিছু মানুষ রাস্তার ওপর পড়ে গেলে পদপিষ্ট হয়ে আহত হন। যাদের মধ্যে বেশ কিছু মহিলাও রয়েছে। তৎক্ষণাৎ রথযাত্রা থামিয়ে দেওয়া হয় এবং আহতদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়। যারা অল্পবিস্তর আহত হয় তাদের প্রাথমিক চিকিৎসা করা হয় এবং যারা গুরুতর আহত হয় তাদের মধ্যে বেশ কয়েকজনকে কালনা মহকুমা হাসপাতালে স্থানান্তর করা হয়। তারপরই রথযাত্রা পুনরায় শুরু হয়। রথযাত্রায় যোগ দেওয়া এলাকার মানুষ জানিয়েছেন, জায়গাটা অত্যন্ত ছোট হয়ে যাওয়ার কারণেই এই দুর্ঘটনার ঘটেছে। পর্যাপ্ত পরিমাণে পুলিশি নজরদারি থাকলে এই দুর্ঘটনা এড়ানো যেত বলে দাবি করেছেন অনেকেই।

রথযাত্রার উৎসবে কোভিড সচেতনতা

মনোজ চক্রবর্তী

উলুবেড়িয়া: ফের বাড়ছে করোনা রোগীর সংখ্যা। ব্যতিক্রম নয় এ রাজ্যও। করোনা রোগীর বৃদ্ধিতে এই মুহূর্তে বেশ চাপে স্বাস্থ্য দপ্তরও। এই পরিস্থিতিতে রথযাত্রা অনুষ্ঠিত হল। হাওড়ার বাগনান থানা এলাকার খানজাদাপুরে অনুষ্ঠিত হল ঐতিহ্যবাহী তিন শতাধিক বছরের প্রাচীন রথ। শুক্রবার সকাল থেকেই আশপাশের এলাকা থেকে আসতে শুরু করে আত্মীয়-স্বজন। মেলা বসে দেদার। জগন্নাথ, বলরাম, সুভদ্রারা রথে চড়ে যান মাত্র কয়েক মিটার। আগে এলাকায় রথ ঘোরানো হত। কিন্তু এখন আর হয় না। মেলা কমিটির সদস্য অসিত মাইতি জানান, আগে রূপনারায়ণ পেরিয়ে ব্যবসায়ীরা আসতেন এই রথে। বেতের সামগ্রী সহ বিভিন্ন জিনিসপত্র নিয়ে। যা এখন দেখা যায় না। কিন্তু রথ উৎসব নিয়ে উৎসাহের কোনও সীমা নেই। কিন্তু রথের মেলার আগে এবার ফের করোনা সংক্রমণ বৃদ্ধি পেয়েছে। তাই সতর্ক রথ কমিটি। জানা গিয়েছে, কোভিড সংক্রান্ত বিধি নিষেধ মেনে রথের মেলায় আসতে হবে বলে জানান মেলা কমিটির সদস্যরা। করা হয়েছে স্যানিটাইজও। রথ প্রাঙ্গণে ও মেলা চত্বরে লাগানো হয়েছে দেদার পোস্টার।

ভারত সরকার
কর্মী মন্ত্রক, জনঅভিযোগ ও পেনশন
প্রশাসনিক সংস্কার ও জনঅভিযোগ বিভাগ

ই-গভর্নেন্স ২০২১-২২ এর জন্য জাতীয় পুরস্কার

মনোনয়ন আমন্ত্রণ বিজ্ঞপ্তি

ই-গভর্নেন্স উদ্যোগ বাস্তবায়নে উৎকর্ষতাকে স্বীকৃতি ও প্রচার করার লক্ষ্যে, ভারত সরকার প্রতি বছর ই-গভর্নেন্সের জন্য জাতীয় পুরস্কার প্রদান করে।

কেন্দ্রীয় মন্ত্রক/বিভাগ, রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল সরকার, জেলা, স্থানীয় সংস্থা, কেন্দ্রীয় ও রাজ্য পিএসইউ, একাডেমিক এবং গবেষণা প্রতিষ্ঠান (সরকারি বা বেসরকারি হোক) থেকে ৫টি বিভাগের অধীনে পুরস্কার প্রকল্পে বিশদ যোগ্যতার মানদণ্ড অনুসারে অনলাইনে মনোনয়ন আমন্ত্রণ জানানো হয়েছে যা ১লা জুলাই, ২০২২ থেকে কার্যকর www.nceg.gov.in -তে।

নির্দেশিকা সহ মনোনয়ন পাঠানোর পদ্ধতি এবং পুরস্কার প্রকল্পের অন্যান্য বিশদ বিবরণ বিভাগের ওয়েবসাইট www.darpg.gov.in/ www.nceg.gov.in -এ উপলব্ধ। পুরস্কার প্রকল্পে দেওয়া বিশদ অনুযায়ী সমস্ত মনোনয়ন অনলাইনে জমা দিতে হবে। ইমেল/হাতে/পোস্ট/কুরিয়ার/ফ্যাক্স বা হার্ড কপি হিসাবে অন্য কোনো ফর্মের মাধ্যমে পাঠানো মনোনয়ন গ্রহণ করা হবে না।

মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ :- ৩১শে জুলাই ২০২২।

যোগাযোগের বিশদ বিবরণ: এমএস বিভূতি পাঞ্জিয়ার, আন্ডার সেক্রেটারি (ই-গভঃ), প্রশাসনিক সংস্কার ও জন-অভিযোগ বিভাগ, ৬ষ্ঠ তল, সর্দার প্যাটেল ভবন, সংসদ মার্গ, নয়া দিল্লি - ১১০০০১। ইমেল: vibhuti.panjiyar @nic.in, টেলিফোন +৯১-১১-২৩৩৬৭৯৬৬

davp 32101/11/0001/2223

হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন
৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া-৭১১ ১০১
দূরভাষ: ০৩৩ ২৬৩৮ ৩২১১/১২/১৩, ফ্যাক্স: ০৩৩ ২৬৪১ ০৮৩০
আমাদের দেখুন : www.hmcgov.in
বস্তি সেবা বিভাগ

নং- 02-STN/E.E/Slum/22023 — তারিখ- ২৯/০৬/২০২২

সংক্ষিপ্ত টেন্ডার বিজ্ঞপ্তি

একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, বস্তি সার্ভিস ডিপার্টমেন্ট, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন সিল করা টেন্ডার আমন্ত্রণ জানিয়েছে, নীচে বর্ণিত মত-

ক্র. নং	কাজের নাম	আনুমানিক মূল্য	প্রশাসনিক অনুমোদনের নম্বর ও তারিখ	আবেদনের শেষ তারিখ
১.	এইচএমসি ২৭ নং ওয়ার্ডের অধীনে ৫, নব কুমার নন্দী লেনে টয়লেট নির্মাণ	৪,৫১,২২৭/- টাকা	সিওএফ/এএ/২২-২৩/২৮৬, তারিখ-০৩/০৬/২০২২	০৮/০৭/২০২২ দুপুর ২.৩০ মিনিটে
২.	এইচএমসি ওয়ার্ড নং-২৬-এর অধীনে ১৩/২, ধর্মতলা লেনে, টয়লেট নির্মাণ	১,৪৩,১৮১/- টাকা	সিওএফ/এএ/২২-২৩/২৮৭, তারিখ-০৩/০৬/২০২২	
৩.	এইচএমসি ওয়ার্ড নং-২৭-এর অধীনে ১৬/১, সিদ্ধেশ্বরী তলা লেনে টয়লেট নির্মাণ	৪,৫১,২২৭/- টাকা	সিওএফ/এএ/২২-২৩/২৮৯, তারিখ- ০৩/০৬/২০২২	

১২৪ (১)/২২-২৩ ৩০.০৬.২০২২ — সেক্রেটারী, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন

নিদর্শ-জি
আগ্রহ প্রকাশের আহ্বান
(ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্সি রেগুলেশনস্ ৩৬এ(১) অধীনে (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পারসনস্) রেগুলেশনস, ২০১৬

প্রাসঙ্গিক বিবরণ

১.	কর্পোরেট ঋণগ্রহীতার নাম	বহুলা ইনফোটেক প্রাইভেট লিমিটেড
২.	কর্পোরেট ঋণগ্রহীতার অন্তর্ভুক্তির তারিখ	২৪/০১/২০১৪
৩.	কর্পোরেট ঋণগ্রহীতা অন্তর্ভুক্ত/নিবন্ধিত যে কর্তৃপক্ষের অধীনে	আরওসি-কলকাতা
৪.	কর্পোরেট ঋণগ্রহীতার কর্পোরেটপরিচিত নম্বর/ সীমায়িত দায়বদ্ধতা পরিচিতি নং.	U72900WB2014PTC199722
৫.	কর্পোরেট ঋণগ্রহীতার নিবন্ধভুক্ত দপ্তর এবং মুখ্য দপ্তর (যদি থাকে)	207 মহর্ষি দেবেন্দ্র রোড কলকাতা-700007 পশ্চিমবঙ্গ
৬.	কর্পোরেট ঋণগ্রহীতার বিষয়ে ইনসলভেন্সি শুরুর তারিখ	১৮.০৪.২০২২
৭.	আগ্রহ প্রকাশের আমন্ত্রণের তারিখ	০২.০৭.২০২২
৮.	কোডের ধারা ২৫(২)(এইচ) এর অধীনে রেজোলিউশন আবেদনকারীদের জন্য যোগ্যতা উপলব্ধ:	যোগ্যতা নির্ণায়ক মানদন্ড এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট এ বিশদভবে উল্লেখ আছে যা cirp.bahula@gmail.com এ মেইল করে পাওয়া যাবে
৯.	সেকশন ২৯এ অধীন প্রযোজ্য অযোগ্যতার নমুনাপাওয়া যাবে	আইবিবিআই এর ওয়েবসাইট (https://ibbi.gov.in/legal-framework/) বা cirp. bahula@gmail.com এ মেইল করে পাওয়া যাবে
১০.	আগ্রহের প্রকাশ গ্রহণের শেষ তারিখ:	১৭.০৭.২০২২
১১.	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীর সাময়িক তালিকা প্রদানের তারিখ:	২২ শে ফেব্রুয়ারি,২০২২
১২.	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীর সাময়িক তালিকাতে আপত্তি জমাকরণের শেষ তারিখ	০১.০৮.২০২২
১৩.	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীর চূড়ান্ত তালিকা প্রদানের তারিখ:	১১.০৮.২০২২
১৪.	সম্ভাব্য রিজোলিউশন আবেদনকারীর কাছে তথ্য স্মারকলিপি, মূল্যায়ন মৌলের অংশএবং রেজোলিউশন প্ল্যান প্রদানের তারিখ:	০১.০৮.২০২২
১৫.	রেজোলিউশন প্ল্যান, মূল্যায়ন মৌল, তথ্য স্মারকলিপি এবং আরও তথ্যাদির জন্য আবদেন গ্রহণের পদ্ধতি	যোগ্য সম্ভাব্য রেজোলিউশন প্রার্থীদের সাথে ইলেক্ট্রনিক ফর্ম আকারে শেয়ার করা হবে
১৬.	রেজোলিউশন প্ল্যান জমা করার জন্য শেষ তারিখ	৩১.০৮.২০২২
১৭.	রেজোলিউশন প্রফেশনালের কাছে রিজোলিউশন প্ল্যান জমা করার পদ্ধতি	ডিজিটাল স্ক্যান করা কপির পাশাপাশি সীল করা খাম দ্বারা পোস্টে/হাতে মাধ্যমে
১৮.	অনুমোদনের জন্য অ্যাডভুভিকেটিং কর্তৃপক্ষের কাছে রেজোলিউশন প্ল্যান জমা করার আনুমানিক তারিখ	৩০.০৯.২০২২
১৯.	রেজোলিউশন প্রফেশনালের নাম ও রেজিস্ট্রেশন নম্বর	আম্লিল সারাওগী রেজিঃ নং : IBBI/IPA-001/IP-P01320/201819/12009
২০.	পর্ষদের কাছে নিবন্ধভুক্ত মতো রেজোলিউশন প্রফেশনালের নাম, ঠিকানা এবং ইমেল	আম্লিল সারাওগী পি-১ হাইড লেন, স্যুট নং-৭বি, ৮ম তলা কলকাতা- ৭০০০০৭৩ ইমেল আইডি: anneelsaraogi@gmail.com
২১.	রেজোলিউশন প্রফেশনালের সঙ্গে যোগাযোগের জন্য ব্যবহৃত হওয়ার জন্য ঠিকানা এবং ইমেল	আম্লিল সারাওগী পি-১ হাইড লেন, স্যুট নং-৭বি, ৮ম তলা কলকাতা- ৭০০০০৭৩ ইমেল আইডি: anneelsaraogi@gmail.com
২২.	আরও বিশদ এখানে অথবা তে পাওয়া যাবে	অন্যান্য বিস্তারিত পাওয়া যাবে cirp.bahula@gmail.com তে ইমেইল দ্বারা
২৩.	নিদর্শ জি'র প্রকাশনার তারিখ	০২.০৭.২০২২

আম্লিল সারাওগী
রেজোলিউশন প্রফেশনাল
বহুলা ইনফোটেক প্রাইভেট লিমিটেড
IBBI/IPA-001/IP-P01320/201819/12009
তারিখ: ০২.০৭.২০২২
স্থান: কলকাতা

সংশোধনী
গত ৩০ জুন, ২০২২ তারিখে এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সংশোধিত রূপ নিম্নে দেওয়া হল -

নিদর্শ এ
গণঘোষণা
(ইনসলভেন্সি অ্যান্ড ব্যাংকরাপ্সি বোর্ড অফ ইন্ডিয়া রেগুলেশন ৬ অধীনে (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পারসনস্) রেগুলেশনস, ২০১৬)
সম্পূর্ণা সাপ্লায়ার্স প্রাইভেট লিমিটেড-এর পাওনাদারদের দৃষ্টি আকর্ষণের জন্য

প্রাসঙ্গিক বিবরণ

১.	কর্পোরেট ঋণগ্রহীতার নাম	**সম্পূর্ণা সাপ্লায়ার্স প্রাইভেট লিমিটেড**
২.	কর্পোরেট ঋণগ্রহীতার সংস্থা হওয়ার তারিখ	২২ জুন, ২০০৬
৩.	কর্পোরেট ঋণগ্রহীতার সংস্থা/নিবন্ধভুক্তি যে কর্তৃপক্ষ অধীনে	রেজিস্ট্রার অফ কোম্পানিজ, পশ্চিমবঙ্গ
৪.	কর্পোরেট ঋণগ্রহীতার কর্পোরেট পরিচিত নম্বর / সীমায়িত দায়বদ্ধতা পরিচিতি নং.	U51109WB2006PTC110095
৫.	কর্পোরেট ঋণগ্রহীতার নিবন্ধভুক্ত দপ্তর এবং মুখ্য দপ্তর (যদি থাকে)-এর ঠিকানা	৪, রাম কুমার রক্ষিত লেন, কলকাতা-৭০০০০৭, পশ্চিমবঙ্গ
৬.	কর্পোরেট ঋণগ্রহীতার বিষয়ে ইনসলভেন্সি শুরুর তারিখ	২৭ জুন, ২০২২
৭.	ইনসলভেন্সি রেজোলিউশন প্রক্রিয়া বন্ধের আনুমানিক তারিখ	রেজোলিউশন প্রসেস শুরুর তারিখ থেকে ১৮০ দিন, যা ২৩ ডিসেম্বর, ২০২২
৮.	অন্তর্বর্তীকালীন রেজোলিউশন প্রফেশনাল হিসেবে কর্মরত ইনসলভেন্সি প্রফেশনালের নাম ও রেজিস্ট্রেশন নম্বর	নাম : সুদীপ্ত ঘোষ, রেজিস্ট্রেশন নং - IBBI/IPA-001/IP-P00484/2017-18/10872
৯.	পর্ষদের কাছে নিবন্ধভুক্ত অন্তর্বর্তীকালীন রেজোলিউশন প্রফেশনালের ঠিকানা এবং ই-মেল	ঠিকানা : ৮, এন. এন. মুখার্জি, থার্ড লেন, উত্তরপাড়া, হুগলী-৭১২২৫৮ **ইমেল আইডি: sudipta_ghosh08@yahoo.com**
১০.	অন্তর্বর্তীকালীন সিদ্ধান্তগ্রহণকারী প্রফেশনালের সঙ্গে যোগাযোগের জন্য ব্যবহৃত ঠিকানা এবং ই-মেল	ঠিকানা: ২৯সি, বেন্টিঙ্ক স্ট্রিট, ৩য় তল, কলকাতা-৭০০০০১ **ইমেল আইডি: cirp.sampurna@gmail.com**
১১.	দাবি জমাকরণের শেষ তারিখ	১১ জুলাই, ২০২২
১২.	অন্তর্বর্তীকালীন রেজোলিউশন প্রফেশনাল দ্বারা নিশ্চিত করা পাওনাদারদের শ্রেণি, যদি কিছু থাকে, সেকশন ২১-এর সাব-সেকশন (৬এ)-এর ক্লজ (বি) অধীনে	নেই
১৩.	একটি শ্রেণিতে পাওনাদারদের অনুমোদিত প্রতিনিধি হিসেবে পরিচিত, কাজ করা ইনসলভেন্সি প্রফেশনালদের নাম (প্রতিটি শ্রেণির জন্য তিনটি নাম)	প্রযোজ্য নয়
১৪.	(ক) সংশ্লিষ্ট নিদর্শসমূহ এবং (খ) অনুমোদিত প্রতিনিধিগণের বিশদ পাওয়া যাবে:	ওয়েবলিঙ্ক : http://www.ibbi.gov.in/downloadform.html বাস্তবিক ঠিকানা : দফা নং ১০ -এ বর্ণিত

এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইব্যুনাল **সম্পূর্ণা সাপ্লায়ার্স প্রাইভেট লিমিটেড** -এর কর্পোরেট ইনসলভেন্সি রেজোলিউশন প্রক্রিয়া শুরু ঘোষণা করেছে **২৭ জুন, ২০২২** তারিখে।
সম্পূর্ণা সাপ্লায়ার্স প্রাইভেট লিমিটেড -এর পাওনাদারদের ১১ জুলাই, ২০২২ তারিখে বা তার আগে এন্ট্রি নং ১০ -এর উল্লিখিত ঠিকানায় ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল -এর কাছে তাদের দাবি প্রমাণ সহ জমা দিতে বলা হচ্ছে।
আর্থিক পাওনাদারগণকে তাঁদের দাবি প্রমাণসহ শুধুমাত্র বৈদ্যুতিন মাধ্যমে জমা করতে হবে। অন্যান্য সকল পাওনাদারগণ তাঁদের দাবি প্রমাণসহ জমা করতে পারবেন হাতে হাতে, ডাকযোগে বা বৈদ্যুতিন মাধ্যমে।
এন্ট্রি নং ১২-তে তালিকাভুক্ত একটি শ্রেণিতে অবস্থান করা একজন আর্থিক উত্তমর্ণ, তাঁর পছন্দমতো অনুমোদিত আধিকারিকের ইঙ্গিত দেবেন, এন্ট্রি নং ১৩-তে উল্লিখিত তিনজন ইনসলভেন্সি প্রফেশনালের মধ্যে থেকে, নিদর্শ সিএ-তে শ্রেণির (নির্দিষ্ট শ্রেণি) অনুমোদিত প্রতিনিধি হিসেবে কাজ করার জন্য।
মিথ্যা বা বিভ্রান্তিকর প্রমাণ জমা দেওয়ার ফলে জরিমানা করা হবে।

স্বা/-
সুদীপ্ত ঘোষ
ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনালের নাম এবং স্বাক্ষর
তারিখ : ৩০.০৬.২০২২
স্থান : কলকাতা

বিড়লা টায়ারস লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ৯/১, আর.এন. মুখার্জি রোড, ৯ম তল, বিড়লা বিল্ডিং, কলকাতা-৭০০০০১
CIN: L25209WB2018PLC228915
ফোন: ০৩৩-২২৬২ ৪৩৫৫/৫৭/৫৮;
ওয়েবসাইট: www.birlatyre.com; ইমেল : corporate@birlatyre.com

পোস্টাল ব্যালট নোটিশ

এতদ্বারা **নোটিশ** দেওয়া হল কোম্পানিজ এক্ট, ২০১৩ এর সেকশন ১১০ এবং ১০৮ এবং অন্যান্য প্রযোজ্য বিধানগুলির বিধান অনুসারে, যদি থাকে, এবং কোম্পানিজ (ম্যানেজমেন্ট এন্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ২২ এবং ২০, ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারি অফ ইন্ডিয়া দ্বারা ইস্যু করা সাধারণ সভার সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড, সেবি(লিস্টিং অবলিগেশনস এন্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ এর যেকোন সংবিধিবদ্ধ পরিবর্তন (গুলি) বা এর পুনঃপ্রণয়ন (গুলি) সহ, আপাতত বলবৎ, কর্পোরেট বিষয়ক মন্ত্রক "এমসিএ") দ্বারা সময়ে সময়ে জারি করা সার্কুলার ("এমসিএ সার্কুলারস"), অনুসারে নৈমিত্তিক শূন্যপদ পূরণের জন্য অডিটর নিয়োগের অনুমোদনের জন্য রেজোলিউশনটি একটি সাধারণ রেজোলিউশন হিসাবে পাস করার প্রস্তাব করা হয়েছে বিড়লা টায়ারস লিমিটেডের (**"দ্য কোম্প